**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:01-10-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Flood Relief :**

কেন্দ্রীয় সরকার বন্যা বিধ্বস্ত গুজরাট, মনিপুর ও ত্রিপুরার জন্য জাতীয় বিপর্যয় মোকাবিলা তহবিল থেকে ৬৭৫ কোটি টাকা অগ্রিম দেবার কথা ঘোষণা করেছে। এরমধ্যে ৬০০ কোটি টাকা গুজরাট, ৫০ কোটি টাকা মনিপুরকে এবং ত্রিপুরাকে ২৫ কোটি টাকা দেওয়া হবে। স্বরাষ্ট্রমন্ত্রক এক বিজ্ঞপ্তিতে এখবর জানিয়েছে।

*******************************

**CM on PM :**

মুখ্যমন্ত্রী ডঃ মানিক সাহা গতকাল মুক্তধারায় বড়দোয়ালি মন্ডল আয়োজিত "কর্মযোগী নরেন্দ্র মোদী" শীর্ষক সেমিনারে বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তর পূর্বাঞ্চলের উন্নতির ওপর জোর দিয়েছেন। তিনি বলেন, রাজ্যে সাম্প্রতিক বন্যার সময় প্রধানমন্ত্রী সব রকমের সহযোগিতা করেছেন। শ্রী সাহা বলেন, প্রধানমন্ত্রীর দূরদর্শিতার ফলে ত্রিপুরা আজ জঙ্গিমুক্ত হয়েছে। তিনি বলেন, "এক দেশ এক নির্বাচন" ব্যবস্থা চালু হলে দেশের কাজ দ্রুত গতিতে হবে। মুখ্যমন্ত্রী, প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা, পিএম বিশ্বকর্মা যোজনার মতো প্রকল্প চালু করার প্রশংসা করেন। আলোচনা করেন বিজেপির রাজ্য সভাপতি, সাংসদ রাজীব ভট্টাচার্য, দলের সদর জেলার জেলা সভাপতি অসীম ভট্টাচার্য প্রমুখ।

***************************

**N Sitaraman :**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ তিন দিনের সফরে গতকাল অরুণাচল প্রদেশের রাজধানী ইটানগরে পৌঁছোন। গতকালই তিনি অরুণাচল প্রদেশ, অসম, মণিপুর, মেঘালয়, মিজোরাম, নাগাল্যান্ড এবং ত্রিপুরার সাতটি আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্কের কাজকর্ম বিষয়ে উচ্চ পর্যায়ের পর্যালোচনার বৈঠকে পৌরোহিত্য করেন। অর্থমন্ত্রী ব্যাংকগুলিকে প্রধানমন্ত্রী বিশ্বকর্মা সহ ভারত সরকারের বিভিন্ন অগ্রাধিকার ভিত্তিক প্রকল্পের আওতায় যোগ্য সুবিধাভোগীদের চিহ্নিত করার দিকে নজর দেবার আহ্বান জানান। তিনি গ্রামীণ ব্যাংকগুলিকে তৃণমূল পর্যায়ে কৃষি ঋণ বিতরণ বৃদ্ধি করার নির্দেশ দেন।

অর্থমন্ত্রী আজ নামসাইতে এসবিআই আঞ্চলিক ব্যবসায়িক কার্যালয়ের উদ্বোধন করবেন। আগামীকাল তিনি নামসাই-তে "স্বচ্ছতা হি সেবা" কর্মসূচিতে অংশ নেবেন।

****************************

**100 Days, PMAY-U :**

কেন্দ্রীয় আবাসন ও নগর বিষয়ক মন্ত্রী মনোহর লাল গতকাল বলেছেন যে তৃতীয় পর্বের মোদী সরকার ১০০ দিনে নগর পরিকাঠামো এবং আবাসন মানচিত্র উন্নত করতে বড় পদক্ষেপ নিয়েছে। নতুনদিল্লিতে সাংবাদিক সম্মেলনে মন্ত্রী জানান যে সরকার প্রথম ১০০ দিনে প্রধানমন্ত্রী শহুরে আবাস যোজনার দ্বিতীয় পর্বের অনুমোদন দিয়েছে। তিনি বলেন, এই উদ্যোগের লক্ষ্য শহরাঞ্চলের এক কোটি দরিদ্র ও মধ্যবিত্ত পরিবারকে দুই লক্ষ ৩০ হাজার কোটি টাকা বিনিয়োগের মাধ্যমে আর্থিক সহায়তা প্রদান করা। তিনি আরও জানান যে গত দশ বছরে সারা দেশের ২১টি শহরে মেট্রো পরিষেবা সম্প্রসারিত হয়েছে এবং ৭০০ কিলোমিটার নতুন মেট্রো লাইন চালু করা হয়েছে। অনুষ্ঠানে মন্ত্রী স্বচ্ছতাই সেবা ২০২৪-এর প্রশিক্ষণ মডিউলের সূচনা করেন।

***************************

**Programme of Space Day :**

তথ্য প্রযুক্তি দপ্তরের মন্ত্রী প্রণজিত সিংহ রায় জাতীয় মহাকাশ দিবস উপলক্ষ্যে গতকাল উদয়পুর বিজ্ঞান কেন্দ্রে দশটি বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের আয়োজিত সেমিনার ও উমুক্ত কুইজ প্রতিযোগিতার উদ্বোধন করেন। অনুষ্ঠানে মন্ত্রী বলেন, গত দশ বছরে মহাকাশ গবেষণায় ভারত উচ্চতার শিখরে পৌঁছেছে। মহাকাশ প্রযুক্তিতে এই স্বনির্ভরতা প্রধানমন্ত্রীর আত্মনির্ভর ভারত ও মেক ইন ইন্ডিয়া প্রকল্পের সফল বাস্তবায়ন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন উদয়পুর বিজ্ঞান কেন্দ্রের কর্মী অয়ন সাহা। সবশেষে অনুষ্ঠিত হয় ভারতে মহাকাশ গবেষণার উপর উমুক্ত ক্যুইজ।

*****************************

**Sachin Debbarman :**

কিংবদন্তি সঙ্গীত শিল্পী কুমার শচীন দেববর্মণের আজ জন্মদিন। আজ সকাল ৯টায় আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে কুমার শচীন দেববর্মণের মূর্তিতে পুষ্পার্ঘ্য অপর্ণ করে তাঁকে শ্রদ্ধা জানানো হবে। এছাড়াও সন্ধ্যা ৬টায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা উপস্থিত থাকবেন।

****************************

**CM-Rabindra Bhawan :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, নিজেদের অধিকার সম্পর্কে ভোক্তাদের সচেতন হতে হবে। গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে খাদ্য, জনসংভরণ ও ক্রেতা স্বার্থ দপ্তরের উদ্যোগে আয়োজিত রাজ্যভিত্তিক সেমিনার এবং বিদ্যালয় ও কলেজ স্তরে গঠিত কনসিউমার ক্লাব এর উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। অনুষ্ঠানে জনসংভরণ ও ক্রেতা স্বার্থ দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন এই বছরের ডিসেম্বর মাসের মধ্যে প্রতিটি পুর নিগম এলাকার রেশন দোকানে e-Kyc

ভুক্ত ভোক্তাদের মধ্যে PVC কার্ড বিতরণ করা হবে। অনুষ্ঠানে ৩ জন ভোক্তার হাতে PVC কার্ড বিতরণের মাধ্যমে এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

***************************

**Swachh Bharat Mission :**

স্বচ্ছ ভারত মিশনের ১০ বছর পূর্তি উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল গান্ধী জয়ন্তীতে সকাল ১০টায় নতুনদিল্লির বিজ্ঞান ভবনে স্বচ্ছ ভারত দিবস ২০২৪ কর্মসূচিতে অংশ নেবেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ৯,৬০০ কোটি টাকারও বেশি মূল্যের স্বাস্থ্যবিধি এবং পরিচ্ছন্নতা সম্পর্কিত বেশ কয়েকটি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। উল্লেখ্য, স্বচ্ছতাই সেবা ২০২৪-এর অধীনে, ১৭ কোটিরও বেশি জনসাধারণের অংশগ্রহণে ১৯ লক্ষ ৭০ হাজারেরও বেশি কর্মসূচি সম্পন্ন হয়েছে। প্রায় ১ লক্ষ সাফাই মিত্র সুরক্ষা শিবিরও সংগঠিত হয়েছে৷ সেইসঙ্গে "এক পেড় মা কে নাম" প্রচার অভিযানে ৪৫ লক্ষেরও বেশি গাছ লাগানো হয়েছে।

****************************

**T-20 Cricket :**

জাতীয় অনূর্ধ্ব ১৯ বছরের মেয়েদের টি-২০ ক্রিকেটের আসরে আজ থেকে ত্রিপুরার অভিযান শুরু হচ্ছে। চন্ডিগড়ে আয়োজিত আসরে রাজ্যদলের প্রথম প্রতিপক্ষ ঝাড়খন্ড।

***************************

**Chandra Smriti League :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন ফুটবল প্রতিযোগিতায় সুপার লিগের দ্বিতীয় রাউন্ডে আজ দুটি খেলা হবে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকাল সাড়ে তিনটায় এগিয়ে চলো সংঘ বনাম লালবাহাদুর ব্যায়ামাগার এবং সন্ধ্যা সোয়া

৬টায় রামকৃষ্ণ ক্লাব বনাম ব্লাডমাউথ ক্লাব পরস্পরের মুখোমুখি হবে।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৮ ডিগ্রী সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩১ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা থাকবে ২৬ ডিগ্রী সেলসিয়াস।

***************************